গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তত্তাবধায়ক প্রকৌশলী, সিলেট পওর সার্কেল

এবং

প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, উত্তর-পূর্বাঞ্চল, সিলেট-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৪

## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

২০২১-২২ অর্থ বছরে সিলেট পওর সার্কেলের আওতায় সুনামগঞ্জ জেলায় মোট ৩৭ টি হাওরসহ অন্যান্য হাওর উপ-প্রকল্পসমূহে প্রায় ৫৩৬.৪১৩ কিঃমিঃ এবং সিলেট জেলায় ১৭.৩১০ কিঃমিঃ; মোট ৫৫৩.৭২৩ কিঃমিঃ ডুবন্ত বাঁধ নির্মাণ/পুনঃনির্মাণ/মেরামত/পুনরাকৃতিকরণ ও হাওরে ডুবন্ত বাঁধের ১৪৫ টি ভাঙ্গন বন্ধকরণ (Breach closing)/ Closure) নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। সিলেট ও সুনামগঞ্জ জেলায় নদী তীরে ভাঙ্গন প্রতিরোধে ২.২০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজ সম্পন্ন করা হয়েছে। ড্রেজারের মাধ্যমে ১০.৫০০ কিঃমিঃ নদী পুনঃখনন ও এক্সাভেটরের মাধ্যমে মোট ৪০.২০ কিঃ মিঃ নদী পুনঃখনন কাজ সম্পন্ন করা হয়েছে।
২০২২-২৩ অর্থ বছরে সিলেট পওর সার্কেলের আওতায় মোট ৭৫০.০০০ কিঃমিঃ ডুবন্ত বাঁধ নির্মাণ/পুনঃনির্মাণ/মেরামত/পুনরাকৃতকিরণ বাঁধ নির্মাণ কাজ বাস্তবায়িত হয়েছে। হাওরে ডুবন্ত বাঁধের ২২০ টি ভাঙ্গন বন্ধকরণ (Breach closing)/ Closure) নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। সিলেট ও সুনামগঞ্জ জেলায় নদী তীরে ভাঙ্গন প্রতিরোধে প্রায় ২.০০০ কিঃমিঃ নদী তীর সংরক্ষণ কাজ সম্পন্ন করা হয়েছে। ড্রেজারের মাধ্যমে প্রায় ৯.৪০০ কিঃমিঃ ও এক্সাভেটরের মাধ্যমে প্রায় ১৩.৭০০ কিঃ মিঃ নদী পুনঃখনন কাজ সম্পন্ন করা হয়েছে । ফলশ্রুতিতে একদিকে আগাম বন্যার হাত হতে হাওরের একমাত্র বোরো ফসল রক্ষা করা সম্ভব হয়েছে এবং অন্যদিকে উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। হাওরের কৃষকেরা নির্বিঘ্নে বোরো ফসল ঘরে তুলতে পেরেছেন এবং জীবন মানের ব্যাপক উৎকর্ষ সাধিত হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

আগাম বন্যা প্রবণ এলাকা হওয়ায় সিলেট অঞ্চলের হাওরে পূর্ত কাজ বাস্তবায়নে উপযুক্ত সময় খুবই কম পাওয়া যায় (ডিসেম্বর-মার্চ)। তাছাড়া, প্রত্যন্ত হাওরের অভ্যন্তরে প্রকল্পের কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় নির্মাণ সামগ্রী কাজের সাইটে সরবরাহে যথেষ্ট চ্যালেঞ্জের মুখে পড়তে হয়। ইদানিংকালে হাওরে বজ্রপাতে হতাহতের সংখ্যা বৃদ্ধি পাওয়ায়, শুষ্ক মৌসুমের শেষে দক্ষ নির্মাণ সংশ্লিষ্ট লোকবল/দক্ষ জনবল প্রত্যন্ত হাওরে কাজ বাস্তবায়নের জন্য অবস্থান করতে অনীহা প্রকাশ করছে। এই অতি সীমিত সময়কালের মধ্যে প্রাকৃতিক দূর্যোগ, পাহাড়ী ঢল বা স্থানীয় অনাকাঙ্খিত সামাজিক সমস্যা বিবিধ সমস্যার প্রশাসনিকভাবে উত্তরণ করে সর্বোৎকৃষ্ট গুনগতমান সম্পন্ন টেকসই ভৌতকাজ বাস্তবায়ন এ সেক্টরের প্রধান চ্যালঞ্জে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বর্তমান সরকারের রূপকল্প-২০২১ এবং অভিলক্ষ্য-২০৪১ বাস্তবায়নে সহায়ক হিসেবে পানি সম্পদের সমন্বিত ব্যবস্থাপনা গড়ে তুলতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের পরিকল্পনা গৃহীত হয়েছে। উত্তর-পূর্বাঞ্চলীয় জেলাসমূহে যথা সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলায় পানি সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনাকে একটি প্রাতিষ্ঠানিক রূপ দিতে দীর্ঘ, মধ্য ও স্বল্প মেয়াদী উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নের পরিকল্পনা গ্রহন করা হচ্ছে। সুরমা নদীর সিলেট অংশে নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন শুরু করা এবং সুনামগঞ্জ জেলা অংশে ড্রেজিং কাজের মাধ্যমে নদীর নাব্যতা ফিরিয়ে আনা, নদীর পানি ধারন ও প্রবাহ সক্ষমতা বৃদ্ধি করা। সুনামগঞ্জ জেলাসহ হাওরাঞ্চলে বোরো ফসল রক্ষার জন্য আগাম বন্যার প্রকোপ হ্রাসকল্পে নদী ও খাল সমূহের ড্রেজিং ও খনন কাজ বাস্তবায়ন এবং বিভিন্ন হাওরে প্রবেশের জন্য খালের মুখে ও পাবলিক-কাট স্থানসমূহে কজ-ওয়ে নির্মানের উদ্যোগ গ্রহন করা হয়েছে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- নদী তীর সংরক্ষণ ১.৩৯০কিঃ মিঃ
- ড্রেজারের মাধ্যমে ১০.০০০ কিঃ মিঃ নদী পুনঃখনন কাজ।
- ৫০০.০০ কিঃ মিঃ ডুবন্ত বাধঁ নির্মাণ
- ১২১ টি ক্লোজার নির্মাণ এবং
- দেশব্যাপী বাঁধের ঢালে ১৯ কি.মি বৃক্ষরোপণ

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

তত্তাবধায়ক প্রকৌশলী, সিলেট পওর সার্কেল

এবং

প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, উত্তর-পূর্বাঞ্চল, সিলেট-এর মধ্যে ২০২৩ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জনগণের জীবনমান উন্নয়নে পানি সম্পদের টেকসই নিরাপত্তা

### ১.২ অভিলক্ষ্য (Mission)

ক্রমাগত জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে পানি সম্পদের সুষম ও সমন্বিত পানি ব্যবস্থাপনার মাধ্যমে জনগনের পানির চাহিদা পূরণ এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. হাওর অঞ্চলের উন্নয়ন; এবং

২. নদীর নাব্য তা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ

৩. পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. সেচ, বন্যা নিয়ন্ত্রণ, জলাবদ্ধতা দূরীকরণ, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, নদী ভাঙ্গান প্রতিরোধের ক্ষেত্রে সাধারণ নীতি প্রণয়ন ও কারিগরি সহায়তা সংক্রান্ত কার্যক্রম;

২. বন্যা পূর্বাভাস এবং সতর্কীকরণ, বন্যা নিয়ন্ত্রণ স্থাপনা, বন্যার কারণ এবং বন্যার কারণে সৃষ্ট ক্ষয়ক্ষতি নিরূপন সম্পর্কিত কার্যক্রম

৩. নদীর অববাহিকা নিয়ন্ত্রণ ও উন্নয়ন এবং বন্যা নিয়ন্ত্রণ স্থাপনাসমূহ সম্পর্কে মৌলিক ও প্রায়োগিত গবেষণা এবং হাইড্রোলজিক্যাল জরিপ ও উপাত্ত সংগ্রহ সংক্রান্ত কার্যক্রম

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| বন্যা ঝুঁকি হ্রাস | বন্যা ঝুঁকি হ্রাস | শতাংশ | ৬০.০৮ | ৬১.১০ | ৬১.৫০ | ৬২.০০ | ৬২.৫০ | দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| সেচ এলাকা এবং শস্য নিভিরতা বৃদ্ধি | সেচ এলাকা এবং শস্য নিভিরতা বৃদ্ধি | শতাংশ | ১৮.৪৭ | ১৮.৮৫ | ১৯.০০ | ১৯.৩০ | ১৯.৫০ | কৃষি মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] হাওর অঞ্চলের উন্নয়ন; এবং | ৫৫ | [১.১] আগাম বন্যায় হাওরে ফসলহানি রোধ | [১.১.১] ডুবন্ত বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ | সমষ্টি | কিঃমিঃ | ৪০ | ৫৫৩.৭২ | ৭৫০.৭৭৪ | ৫০০.০০ | ৪৫০.০০০ | ৪০০.০০০ | ৩৫০.০০০ | ২৯৫.০০০ | ৫৫০.০০০ | ৫৬০.০০০ |
| | | | [১.১.২] নদী ও খালের উপর অস্থায়ী ক্লোজার নির্মাণ | সমষ্টি | সংখ্যা | ১৫ | ১৪৫ | ২২০ | ১২১ | ১১০ | ১০০ | ৯৫ | ৮০ | ১৩০ | ১৫০ |
| [২] নদীর নাব্য তা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ | ১০ | [২.১] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [২.১.১] নদী তীর সংরক্ষণ | সমষ্টি | কিঃমিঃ | ৫ | ২.২০০ | ২.৫০০ | ১.৩৯০ | ১.২৫০ | ১.১৫০ | ১.১০০ | ১.০০০ | ২.৫০০ | ৩.০০০ |
| | | [২.২] নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | [২.২.১] ড্রেজারের মাধ্যমে নদী পুনঃখনন | সমষ্টি | কিঃমিঃ | ৫ | ১০.৫০০ | ৯.৪০০ | ১০.০০০ | ৯.৫০০ | ৯.০০০ | ৮.৫০০ | ৮.০০০ | ১১.৫০০ | ১২.৫০০ |
| [৩] পানি সম্পদ খাতে সরকারের বিবিধ নীতি নির্ধারণী কার্যকৌশল ও নির্দেশনার বাস্তবায়ন। | ৫ | [৩.১] দেশব্যাপী বাঁধের ঢাল খালের পাড় এবং বাপাউবো’র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণ | [৩.১.১] বৃক্ষরোপণের দৈর্ঘ্য | সমষ্টি | কিঃমিঃ | ৫ | ৪৪.০০০ | ৩০.০০০ | ১৯.০০০ | ১৮.০০০ | ১৬.০০০ | ১৪.০০০ | ১০.০০০ | ২৫.০০০ | ৩০.০০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, তত্তাবধায়ক প্রকৌশলী, সিলেট পওর সার্কেল, প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, উত্তর-পূর্বাঞ্চল, সিলেট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, উত্তর-পূর্বাঞ্চল, সিলেট হিসাবে তত্তাবধায়ক প্রকৌশলী, সিলেট পওর সার্কেল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| তত্তাবধায়ক প্রকৌশলী<br>সিলেট পওর সার্কেল | তারিখ |
| প্রধান প্রকৌশলী<br>প্রধান প্রকৌশলী এর দপ্তর, উত্তর-পূর্বাঞ্চল, সিলেট | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এডিপি | এনুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ২ | ওয়ারপো | ওয়াটার রিসোর্সেস প্লানিং অর্গানাইজেশন |
| ৩ | জেআরসি | জয়েন্ট রিভার কমিশন |
| ৪ | নগই | নদী গবেষনা ইনিস্টিটিউট |
| ৫ | বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| ৬ | বাহাজউঅ | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর |
| ৭ | সিডিএসপি | চর ডেভেলপমেন্ট ও সেটেলমেন্ট প্রকল্প |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] আগাম বন্যায় হাওরে ফসলহানি রোধ | [১.১.১] ডুবন্ত বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ পুনরাকৃতিকরণ | সিলেট পওর বিভাগ, সুনামগঞ্জ পওর বিভাগ-১ ও ২ | বাঁধ পুনঃনির্মান কাজের প্রি-ওয়ার্ক ও পোস্ট ওয়ার্ক লেভেল বুক-এ এন্ট্রির মাধ্যমে মেজারম্যান্ট বইয়ে প্রদত্ত তথ্য, মনিটরিং টিম-এর পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমডি রিপোর্ট, সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র ও স্থিরচিত্র। |
| | [১.১.২] নদী ও খালের উপর অস্থায়ী ক্লোজার নির্মাণ | সিলেট পওর বিভাগ, সুনামগঞ্জ পওর বিভাগ-১ ও ২ | নদী ও খালের উপর অস্থায়ী ক্লোজার নির্মাণ কাজের প্রি-ওয়ার্ক ও পোস্ট ওয়ার্ক লেভেল বুক-এ এন্ট্রির মাধ্যমে মেজারম্যান্ট বইয়ে প্রদত্ত তথ্য, মনিটরিং টিম-এর পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমডি রিপোর্ট, সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র ও স্থিরচিত্র। |
| [২.১] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [২.১.১] নদী তীর সংরক্ষণ | সিলেট পওর বিভাগ ও সুনামগঞ্জ পওর বিভাগ- ২ | তীর সংরক্ষণ কাজের মেজারম্যান্ট বইয়ে প্রদত্ত তথ্য, মনিটরিং টিম-এর পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমডি রিপোর্ট, সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র ও স্থিরচিত্র। |
| [২.২] নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, তীরবর্তী জনপদে বন্যার প্রকোপ হ্রাস এবং নদীতে জাগ্রত ডুবোচর অপসারণ নদী তীরে ভাঙ্গন ঝুঁকি হ্রাসকল্পে নদী ড্রেজিং/পুনঃখনন | [২.২.১] ড্রেজারের মাধ্যমে নদী পুনঃখনন | সিলেট পওর বিভাগ, সুনামগঞ্জ পওর বিভাগ-১ ও ২ | নদী পুনঃখনন কাজের প্রি-ওয়ার্ক ও পোস্ট ওয়ার্ক লেভেল বুক-এ এন্ট্রির মাধ্যমে মেজারম্যান্ট বইয়ে প্রদত্ত তথ্য, মনিটরিং টিম-এর পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমডি রিপোর্ট, সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র ও স্থিরচিত্র। |
| [৩.১] দেশব্যাপী বাঁধের ঢাল খালের পাড় এবং বাপাউবো'র নিজস্ব জায়গায় বৃক্ষরোপণ | [৩.১.১] বৃক্ষরোপণের দৈর্ঘ্য | সিলেট পওর বিভাগ, সুনামগঞ্জ পওর বিভাগ-১ ও ২ | মনিটরিং টিম-এর পর্যবেক্ষণ প্রতিবেদন, মাসিক পর্যালোচনা সভা, বাপাউবো'র বার্ষিক প্রতিবেদন, আইএমডি রিপোর্ট,সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র ও স্থিরচিত্র। |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ